

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

### আরবী

وَعَن أَبِي سعيد الْخُدْرِيِّ قَالَ: بَيْنَمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِأَصْحَابِهِ إِذْ خلع نَعْلَيْه فَوَضَعَهُمَا عَنْ يَسَارِهِ فَلَمَّا رَأَى ذَلِكَ الْقَوْمُ أَلْقَوْا نِعَالَهُمْ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنْ جِبْرِيلَ أَتَانِي القَيْمَ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنْ جِبْرِيلَ أَتَانِي القَيْمَ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنْ جِبْرِيلَ أَتَانِي فَا خُبْرَنِي أَنَّ فيهمَا قَدْرا إِذَا جَاءَ أحدكُم إِلَى الْمَسْجِدَ فَلْيَنْظُرْ فَإِنْ رَأَى فِي نَعْلَيْهِ قَذَرًا أَو فَا خُرَا اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهِ وَلَا اللَّهُ عَلَيْهِ وَلَالَهُ وَاللَّهُ عَلَيْهِ وَلَا أَنُ وَلُولَ وَالدَّارِمِيُّ اللَّهُ عَلَيْهِ وَلِيُصَلِّ فِيهِمَا» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالدَّارِمِيُّ

#### বাংলা

৭৬৬-[১৩] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণকে নিয়ে সালাত আদায় করছিলেন। হঠাৎ তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পা থেকে জুতা খুলে বাম পাশে রেখে দিলেন। তা দেখে লোকেরাও নিজেদের জুতা খুলে ফেললেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) শেষ করে বললেন, তোমরা কেন নিজেদের পায়ের জুতা খুলে ফেললে? তারা উত্তর দিলেন, আপনাকে জুতা খুলে ফেলতে দেখে আমরাও আমাদের জুতা খুলে রেখে দিয়েছি। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, জিবরীল (আঃ) এসে আমাকে খবর দিলেন, আমার জুতায় নাপাকী আছে। তোমাদের কেউ যখন মসজিদে আসে তখন সে যেন তার জুতায় নাপাক আছে কিনা তা দেখে নেয়। যদি তার জুতায় নাপাকী দেখে তাহলে সে যেন তা মুছে ফেলে। এরপর জুতা সহকারেই সালাত আদায় করে। (আরু দাউদ ও দারিমী)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৬৫০, ইরওয়া ২৮৪, দারিমী ১৪১৮।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: এখানে সালাতের মধ্যে ছোট-খাট (عَمَلُ قَلِيْل) কাজ করার বৈধতার প্রমাণ রয়েছে। আর হালকা বা সামান্য কাজ সালাতকে নষ্ট করে না।

এ হাদীস প্রমাণ করে যে, কেউ যদি ভুলে বা অজ্ঞতাবশত নাপাকী সহ কাপড় পরে সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করে। এবং সালাতের মধ্যে নাপাকীর খবর জানতে পারে তাহলে তার জন্য ওয়াজিব হলো ঐ নাপাকী দূর করা। এরপর সে তার সালাতের ধারাবাহিকতা রক্ষা করে বাকী সালাত আদায় করবে। অজ্ঞতাবশত কাপড়ে নাপাকসহ সালাত আদায় করে ফেললে সালাত হয়ে যাবে।

এ হাদীসে প্রমাণ হয় যে, নাপাকী না থাকলে জুতা পরে সালাত আদায় জায়িয। আরো প্রমাণ হয় নাপাকী থেকে জুতা মোছার মাধ্যমে তা পবিত্র হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন